দৈনিক ইনকিলাব

6

তারিখ ... ... ... NOV. 03 1999
পৃষ্ঠা: ৩ কলাম: ২ ......



*মতিঝিল আইডিয়াল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণ করেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক সালেহ মতিন*

# আইডিয়াল প্রাথমিক বিদ্যালয়ের পুরস্কার বিতরণী অনুষ্ঠান

প্রেস বিজ্ঞপ্তি ঃ গত ৩০ অক্টোবর মতিঝিল আইডিয়াল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৩৪তম বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক সালেহ মতিন। বিশেষ অতিথি ছিলেন সাংবাদিক আব্বাস উদ্দিন আফসারী। সভাপতিত্ব করেন বিদ্যালয় কার্যনির্বাহী সংসদের সভাপতি মেসবাহউদ্দিন আহমেদ সাবু। অনুষ্ঠানে মতিঝিল থানা শিক্ষা অফিসার মিসেস মাকসুদা বেগম ও বিদ্যালয় কার্যনির্বাহী সংসদের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির ভাষণে অধ্যাপক সালেহ মতিন বলেন, প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের ক্ষেত্রে অভিভাবকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল গণি, বিদ্যালয় কার্যনির্বাহী সংসদের সহ-সভাপতি জনাব মোঃ ইসমাইল, কার্যনির্বাহী সংসদের সদস্য বিশিষ্ট সমাজসেবক জনাব মোঃ তৌহিদুর রহমান, মতিঝিল মডেল হাই স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল জনাব এএএম তালিবুর রহমান।